

পরিবারদের জন্য COVID-19 পরামর্শ * Greater Sydney -তে স্কুল কার্যক্রম

NSW শিক্ষা বিভাগ এবং NSW স্বাস্থ্য COVID-19 এর মোকাবেলা করতে একসাথে কাজ করছে।

NSW স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে *Greater Sydney এর স্কুলগুলোর জন্য (Blue Mountains, Central Coast, Wollongong and Shellharbour-এর অন্তর্ভুক্ত) বাড়ি থেকে শিক্ষা গ্রহণের পরামর্শ দেয়া হয়েছে। যে সমস্ত শিক্ষার্থীদের প্রয়োজন তাদের সকলের জন্য স্কুল উন্মুক্ত। যদি কোনও শিক্ষার্থী বা পিতামাতা বা সন্তানের মৃদুতম COVID-19 উপসর্গ ([COVID-19 symptoms](#)) থাকে তবে তারা অবশ্যই স্কুলে যাবে না এবং যতদিন না তারা নেগেটিভ পরীক্ষার ফলাফল পাচ্ছে এবং উপসর্গ-মুক্ত হচ্ছে ততদিন তারা স্কুলে ফিরে যাবে না।

মাস্ক এবং মুখ ঢেকে রাখা

স্কুলের ভিতর থাকাকালীন সকল অভ্যন্তরীণ স্থানে নিম্নলিখিতদের জন্য মাস্ক বা মুখ ঢেকে রাখা প্রয়োজন:

- ইয়ার ৭ এবং তার উপর সকল শিক্ষার্থীদের
- সকল কর্মীদের।

এই নিয়মগুলোতে কিছুটা ছাড় প্রযোজ্য। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে NSW সরকারের ওয়েবসাইটে ফেস মাস্ক বিষয়ক নিয়মগুলো ([Face mask rules on the NSW Government website](#)) দেখুন।

দর্শনার্থী

অপ্রয়োজনীয় দর্শনার্থীদের স্কুলে প্রবেশ করতে দেয়া হবে না।

শিক্ষার্থী ড্রপ অফ এবং পিক আপের পরিবর্তন সম্পর্কে পিতামাতা এবং যত্নদানকারীদের অবশ্যই তাদের স্কুলের পরামর্শ অনুসরণ করতে হবে। এর মধ্যে রয়েছে ড্রপ অফ এবং পিক আপের সময় গাড়িতে থাকা, যদি তা নিরাপদ হয়। এই ড্রপ অফ এবং পিক আপ ব্যবস্থা স্কুল সময়ের বাইরে সেবার (Out of School Hours Care (OOSH)) জন্য প্রযোজ্য নয় কারণ সেখানে সাইন ইন এবং সাইন আউট পদ্ধতি মেনে চলা প্রয়োজন।

পিতামাতাদের অবশ্যই:

- তাদের স্থানীয় এলাকার জন্য শারীরিক দূরত্বের পরামর্শ অনুসরণ করতে হবে এবং স্কুলের গেটের বাইরে জড়ো হওয়া এড়িয়ে চলতে হবে
- স্কুলের সীমানার বাইরে থাকতে হবে - কিছু ব্যতিক্রম কারণ ব্যতীত, যেমন নির্দিষ্ট উদ্দেশ্যে স্কুল (Schools for Specific Purposes (SSP)), দুর্বল শিক্ষার্থী বা প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য
- মাস্ক-পরার প্রয়োজনীয়তা মেনে চলতে হবে এবং স্কুলে প্রবেশের সময় Service NSW QR code ব্যবহার করে সাইন ইন করতে হবে।

HSC শিক্ষার্থী

HSC শিক্ষার্থীদের কোর্সওয়ার্ক, প্রকল্পের কাজ এবং পরীক্ষার প্রস্তুতির জন্য স্কুলে যোগ দিতে সহায়তা করা হবে যেখানে এটি বাড়ি থেকে করা যাবে না। যেসকল শিক্ষার্থীরা উপস্থিত থাকবে তাদের কঠোর COVID নিরাপদ অনুশীলনগুলো মেনে চলতে হবে।

টেলিফোন দোভাষী সেবা

যদি আপনার আরো তথ্যের দরকার হয় অনুগ্রহ করে অধ্যক্ষকে ফোন করুন। যদি আপনার অনুসন্ধান সাহায্যের জন্য একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে টেলিফোন দোভাষী সেবায় এই 131 450 নম্বরে কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষী চান। এই পরিষেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।